

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ১২ জানুয়ারি ২০১৫।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : অফিসের সম্পদ হারানো বা চুরি হয়ে গেলে ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ

আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. আমরা লক্ষ্য করছি যে ইদানিং কোন কোন কর্মীর অসচেতনার জন্য অফিসের গুরুত্বপূর্ণ সম্পদ হারিয়ে যাচ্ছে বা চুরি হয়ে যাচ্ছে।
২. অফিসের সম্পদ যেমন মটরসাইকেল, ক্যামেরা, মোবাইল সেট, ল্যাপটপ, আইপেড, মাল্টিমিডিয়া, প্রিন্টার হারানো গেলে বা চুরি হয়ে গেলে ব্যবহারকারী/বহনকারীকে ক্রয় মূল্যের সম পরিমাণ টাকা অথবা কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের সম পরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে সংস্থাকে প্রদান করতে হবে।
৩. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং আগামী ৩০ জানুয়ারি ২০১৫ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদ।



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

অফিস কপি

